ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠান শক্তিশালীকরণ উদ্যোগ:

# বাংলাদেশ দুর্নীতি দমন কমিশনের ওপর পর্যালোচনা

৭ আগস্ট ২০১৬

# প্রেক্ষাপট

- জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের (২০০৩ সালে স্বাক্ষরিত; ২০০৫ থেকে কার্যকর) নির্দেশনা (অধ্যায় ২) - দুর্নীতিবিরোধী নীতি ও কৌশল প্রয়োগ, বাস্তবায়ন ও উৎসাহিত করার জন্য জাতীয় আইনি ব্যবস্থার মাধ্যমে স্বাধীন প্রতিষ্ঠান স্থাপন
- দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের জন্য জাকার্তা নীতি ২০১২ - দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের দায়বদ্ধতা নিশ্চিত করার জন্য অংশগ্রহণকারী রাষ্ট্রগুলোর দ্বারা গৃহীত মানদণ্ড
- এশিয়া-প্যাসিফিক অঞ্চলে দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের উদ্যোগ - জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানগুলোর পর্যালোচনাসহ দীর্ঘমেয়াদী সংশ্লিষ্টতা, সংলাপ ও প্রচারণা
- এ উদ্যোগের অংশ হিসেবে বাংলাদেশ দুর্নীতি দমন কমিশনের (দুদক) ওপর ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) গবেষণা
- বিশেষজ্ঞদের পরামর্শে পর্যালোচনার জন্য তথ্য সংগ্রহের টুল তৈরি; ভুটানে ২০১৫ সালে পরীক্ষামূলকভাবে ব্যবহৃত; পরবর্তীতে মতবিনিময় কর্মশালায় প্রস্তাবিত মতামতের ওপর ভিত্তি করে সংশোধিত

# গবেষণা সংক্রান্ত তথ্য

- **গবেষণার উদ্দেশ্য:**
  - দুদকের কার্যক্রম ও উন্নতির ক্ষেত্র পর্যালোচনা করা
  - দুর্নীতি প্রতিরোধে দুদকের সহায়ক ও বাধাদানকারী প্রভাবক চিহ্নিত করা
  - দুদকের মূল চ্যালেঞ্জগুলোর বাস্তব সমাধান বা সংস্কারের জন্য সুপারিশ প্রদান করা

- দুদকের ভাবমূর্তি ও প্রকৃত কার্যক্রমকে প্রভাবিত করে এমন অভ্যন্তরীণ ও বাহ্যিক কারণগুলোকে চিহ্নিত করার জন্য মূল্যায়ন পদ্ধতি প্রণয়ন
- সাতটি ক্ষেত্রের অধীনে মোট ৫০টি নির্দেশক নিয়ে গঠিত সার্বিক বিশ্লেষণ কাঠামো; নির্দেশকগুলো দুইভাগে বিভক্ত - সহায়ক প্রভাবক ও কর্ম সম্পাদনে দক্ষতার নির্দেশক

# গবেষণা পদ্ধতি

- গবেষণায় নিম্নলিখিত পদ্ধতি প্রয়োগ করা হয়েছে
  - নথি পর্যালোচনা - আইন, বিদ্যমান লেখা ও সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন, এবং ওয়েবসাইটের তথ্য পর্যালোচনা
  - নিবিড় সাক্ষাৎকার - দুদকের বর্তমান ও প্রাক্তন চেয়ারম্যান ও কমিশনার, দুদকের উচ্চ পর্যায়ের কর্মকর্তা, আইন বিশেষজ্ঞ, সংশ্লিষ্ট অংশীজন প্রতিষ্ঠানের (সরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান) প্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি ও সংবাদমাধ্যম-কর্মীদের সাথে
  - ফোকাস গ্রুপ আলোচনা - সংবাদমাধ্যম-কর্মী, দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) ও সচেতন নাগরিক কমিটির (সনাক) সদস্যদের সাথে (১০ ফেব্রুয়ারি ও ২৩ মার্চ ২০১৬)
  - গবেষণার ফলাফল নিয়ে দুদকের সাথে মতবিনিয় সভা (৩০ জুন ২০১৬)
- গবেষণার সময়
  - গবেষণায় অন্তর্ভুক্ত সময় - তিনবছর (২০১৩-২০১৫)
  - গবেষণা সম্পাদন - নভেম্বর ২০১৫ - এপ্রিল ২০১৬

# গবেষণার ক্ষেত্র, নির্দেশক ও মূল্যায়ন

- সাতটি ক্ষেত্রের অধীন ৫০টি নির্দেশক
  - আইনি স্বাধীনতা ও অবস্থান (৭)
  - অর্থ ও মানবসম্পদ (৯)
  - অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম (৯)
  - প্রতিরোধ, শিক্ষামূলক ও আউটরিচ কার্যক্রম (৯)
  - অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা (৫)
  - জবাবদিহিতা ও তদারকি (৪)
  - দুদকের কার্যক্রম সম্পর্কে জনমত (৭)
- প্রত্যেক নির্দেশকের সম্ভাব্য তিনটি স্কোর - উচ্চ, মধ্যম ও নিম্ন (তিনটি ভিন্ন রঙ দিয়ে নির্দেশিত); স্কোর দেওয়ার জন্য পূর্ব-নির্ধারিত শর্ত
- এর পর এই স্কোর চূড়ান্ত ফলাফলের জন্য নির্ধারিত ডাটাবেজে দেওয়া হয়

| | | |
|---|---|---|
| উচ্চ স্কোর | ২ | সবুজ |
| মধ্যম স্কোর | ১ | হলুদ |
| নিম্ন স্কোর | ০* | লাল |
| *স্কোর দেওয়া সম্ভব নয় | - | ধূসর |

*অনুপস্থিত বা অনুল্লেখ্য

# স্কোরিং পদ্ধতি

- প্রত্যেকটি ক্ষেত্রের মোট স্কোর পাওয়ার জন্য ঐ ক্ষেত্রের সবগুলো নির্দেশকের স্কোর প্রথমে যোগ করা হয়। এরপর ঐ ক্ষেত্রে যতগুলো নির্দেশক রয়েছে তার সম্ভাব্য সর্বোচ্চ স্কোরের সাপেক্ষে এর শতকরা হার বের করা হয়
  - উদাহরণস্বরূপ, প্রথম ক্ষেত্রের (আইনি ভিত্তি, স্বাধীনতা ও কাজের আওতা) নির্দেশকগুলোর স্কোর হচ্ছে ১১ (চারটি নির্দেশক ২ করে আর তিনটি নির্দেশক ১ করে পেয়েছে)। এই ক্ষেত্রের সম্ভাব্য সর্বোচ্চ স্কোর ১৪ (৭টি নির্দেশক X প্রত্যেক নির্দেশকের সর্বোচ্চ স্কোর ২ ধরে)। কাজেই প্রথম ক্ষেত্রের চূড়ান্ত স্কোর হচ্ছে ১১/১৪ X ১০০ = ৭৮.৫৭%
- দুদকের কার্যক্রমের সার্বিক মূল্যায়নের ক্ষেত্রে
  - ‘উচ্চ’ - সার্বিক স্কোর ৬৭%-১০০% এর মধ্যে হলে
  - ‘মধ্যম’ - সার্বিক স্কোর ৩৪%-৬৬% এর মধ্যে হলে
  - ‘নিম্ন’ - সার্বিক স্কোর ০%-৩৩% এর মধ্যে হলে

# গবেষণার ফলাফল

# ১. দুদকের আইনি স্বাধীনতা ও অবস্থান: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **দুদক কমিশনারদের নিয়োগ** | স্বাধীন কমিটির দ্বারা নৈর্ব্যক্তিক যোগ্যতা ব্যবহার এবং স্বচ্ছ প্রক্রিয়া | মন্ত্রণালয়-ভিত্তিক কমিটির দ্বারা নৈর্ব্যক্তিক যোগ্যতা ব্যবহার কিন্তু প্রক্রিয়া স্বচ্ছ নয় | প্রধানমন্ত্রী/ রাষ্ট্রপতির দ্বারা সিদ্ধান্ত গ্রহণ এবং প্রক্রিয়া স্বচ্ছ নয় | ▪ **কমিশনারদের নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা পুরোপুরি নিশ্চিত করা হয় না**<br>▪ **বাছাইকৃতদের নাম ও যোগ্যতা নিয়োগের আগে প্রকাশ করা হয় না** |

# ১. দুদকের আইনি স্বাধীনতা ও অবস্থান: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **দুদকের কর্ম সম্পাদনের স্বাধীনতা ও নিরপেক্ষতা** | উচ্চ (কোনো রাজনৈতিক হস্তক্ষেপ নেই) | সীমিত (কিছুটা রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে) | নিম্ন (উঁচু পর্যায়ের রাজনৈতিক হস্তক্ষেপ রয়েছে) | ▪ **দুদককে পুরোপুরি "রাজনৈতিকভাবে নিরপেক্ষ" মনে করা হয় না** |

# ১. দুদকের আইনি স্বাধীনতা ও অবস্থান: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| বিরোধী রাজনৈতিক দলের বিরুদ্ধে দুর্নীতিকে অস্ত্র হিসেবে ব্যবহারের জন্য দুদকের ওপর সরকারের নির্ভরশীলতা | সরকার রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে ব্যবহার করে নি | সরকার রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে কিছু পরিমাণে ব্যবহার করেছে | রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে দুদককে ব্যাপকভাবে ব্যবহার করার উদাহরণ বিদ্যমান | ▪ রাজনৈতিকভাবে হয়রানি করার জন্য দুদককে হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয় বলে ধারণা<br>▪ ক্ষমতাসীন দলের রাজনীতিকদের ক্ষেত্রে দুদক নমনীয় বলে ধারণা<br>▪ ২০১৫ সালের তদন্তাধীন ৩৬ জন প্রভাবশালী ব্যক্তির মধ্যে ১৬ জন রাজনৈতিক প্রতিপক্ষ দলের, অন্যদিকে তিনজন ক্ষমতাসীন দলের |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| জাতীয় বাজেটের সাপেক্ষে দুদকের বাজেট (গড় হার) | ০.২০%-এর ওপরে | ০.১০% থেকে ০.২০%-এর মধ্যে | ০.১০%-এর নিচে | ▪ গত তিনবছরে দুদকের বাজেট গড়ে জাতীয় বাজেটের ০.০২৫%-এর নিচে<br>▪ দুদকের জন্য বরাদ্দকৃত অর্থ যথেষ্ট নয়<br>▪ বিভিন্ন কার্যক্রমের জন্য আরও বেশি বরাদ্দ প্রয়োজন (তদন্ত, প্রতিরোধ, উন্নয়ন, মামলা পরিচালনা) |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| কর্মীদের বেতন ও সুযোগ-সুবিধা | প্রতিযোগিতা মূলক বেতন ও সুযোগ-সুবিধা | বেতন ও সুযোগ-সুবিধা যথেষ্ট | বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা কম | ▪ কর্মীদের বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা যথেষ্ট কিন্তু প্রতিযোগিতামূলক নয় |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুদকের কর্মী বাছাইয়ের শর্ত | মেধাভিত্তিক ও স্বচ্ছ প্রক্রিয়া | সীমিত মেধাভিত্তিক বা স্বচ্ছ প্রক্রিয়া | পৃষ্ঠপোষণ ও অস্বচ্ছ প্রক্রিয়া | ▪ কর্মীদের নিয়োগ পুরোপুরি মেধাভিত্তিক বলা যাবে না যেহেতু কোটা (বিভিন্ন গোষ্ঠীর জন্য নিয়োগযোগ্য পদের ৫৫%) পদ্ধতি অনুসরণ করা হয় |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| তদন্ত ও অনুসন্ধান কার্যক্রমে দুদকের কর্মীদের দক্ষতা | উঁচু পর্যায়ের দক্ষতা | কোনো কোনো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি | অনেকগুলো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি | ▪ দুর্নীতির তদন্তে দুদক কর্মীদের দক্ষতার ঘাটতি (দুর্নীতির বিভিন্ন আধুনিক ধরন ও পদ্ধতি বোঝা) |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি প্রতিরোধ ও প্রচারণা কার্যক্রমে দুদকের কর্মীদের দক্ষতা | উঁচু পর্যায়ের দক্ষতা | কোনো কোনো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি | অনেকগুলো ক্ষেত্রে দক্ষতার ঘাটতি | ▪ দুর্নীতি প্রতিরোধ ও প্রচারণা কার্যক্রমে দুদক কর্মীদের দক্ষতার ঘাটতি (যোগাযোগ, স্থানীয় কমিটিগুলোর ওপর নিভরশীলতা) |

# ২. অর্থ ও মানবসম্পদ: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **দুদকের কর্মীদের প্রশিক্ষণ** | অনেক প্রশিক্ষণের সুযোগসহ সু-প্রশিক্ষিত কর্মী | সীমিত প্রশিক্ষণের সুযোগসহ কিছু প্রশিক্ষিত কর্মী | প্রশিক্ষণ গুরুত্বহীন ও অবহেলিত | ▪ তিনবছরে ৪৭টি প্রশক্ষণ<br>▪ এর ২৫টি দুদকের কার্যক্রম-সংশ্লিষ্ট<br>▪ এসব প্রশিক্ষণে দুদকের মোট কর্মীর ৫৩%-এর অংশগ্রহণ |

# ৩. অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুদকে দুর্নীতির অভিযোগকারী/ দুর্নীতির তথ্যদাতাসহ জনগণের প্রবেশ্যতা | দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের উচ্চ পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে আগ্রহী অভিযোগকারীদের হারের প্রেক্ষিতে উচ্চ প্রবেশ্যতা | দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের মধ্যম পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে আগ্রহী অভিযোগকারীদের হারের প্রেক্ষিতে মধ্যম প্রবেশ্যতা | দেশের জনসংখ্যা ও দুর্নীতির ধারণার প্রেক্ষিতে দুর্নীতির অভিযোগ দাখিলের কম পরিমাণ এবং নিজেদের তথ্য প্রকাশে আগ্রহী অভিযোগকারীদের কম হারের প্রেক্ষিতে নিম্ন প্রবেশ্যতা | **যথেষ্ট পরিমাণ প্রবেশযোগ্য নয়, কারণ**<br>▪ দুর্নীতির অভিযোগের কম হার (বছরে গড়ে ৯,৮১০টি অভিযোগ যা দেশের জনসংখ্যার ০.০০৬%)<br>▪ উচ্চ দুর্নীতি (সেবা গ্রহণকারীদের ৬৮% দুর্নীতির শিকার, টিআইবি খানা জরিপ, ২০১৫)<br>▪ দুর্নীতির অভিযোগকারীদের খুব কম সংখ্যক নিজের পরিচয় প্রকাশে আগ্রহী<br>▪ দুর্নীতির তথ্যদাতাদের নিরাপত্তা দেওয়ার ব্যবস্থার ঘাটতি |

# ৩. অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **দুর্নীতির তদন্তে দুদকের দক্ষতা ও পেশাদারত্ব** | দুর্নীতির তদন্তে খুবই দক্ষ ও পেশাদার | দুর্নীতির তদন্তে দক্ষ ও পেশাদার | দুর্নীতির তদন্তে অদক্ষ ও অপেশাদার | **দুর্নীতির তদন্তে দক্ষতার ঘাটতি** |

# ৩. অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুদকের তদন্তকৃত মামলায় দণ্ডাদেশের গড় হার | ৭৫%-এর ওপরে | ৫০% থেকে ৭৫%-এর মধ্যে | ৫০%-এর নিচে | গত তিনবছরে দণ্ডাদেশের নিম্ন হার (গড়ে ৩৭%)। কারণ:<br>▪ তদন্তকারী কর্মকর্তাদের দক্ষতা ও সক্ষমতার ঘাটতি<br>▪ মামলা রুজু করার সময় সঠিক প্রক্রিয়া অনুসরণের ঘাটতি<br>▪ সাক্ষীদের কম উপস্থিতি |

# ৩. অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **সম্পদ আটক ও পুনরুদ্ধারে দুদকের ভূমিকা** | খুবই সক্রিয় ভূমিকা | মাঝামাঝি সক্রিয় ভূমিকা | কোনো ভূমিকা নেই | **মধ্যম পর্যায়ের সক্রিয় ভূমিকা**<br>▪ **বাংলাদেশ থেকে পাচারকৃত অর্থের পরিমাণ (২০০৪-২০১৩ সময়ের মধ্যে ৫৬০ কোটি মার্কিন ডলার প্রাক্কলিত; প্রতিবছর ৪৩ কোটি মার্কিন ডলার)**<br>▪ **দুর্নীতির কারণে ক্ষতির পরিমাণ জিডিপি'র কমপক্ষে ২-৩%** |

# ৩. অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতির অভিযোগ গ্রহণ ও দুর্নীতির প্রবণতা তদারকির ক্ষেত্রে দুদক জেন্ডারভিত্তিক তথ্য সংরক্ষণ করে কিনা | কিভাবে দুর্নীতি নারীদের ওপর প্রভাব ফেলে তা অনুসরণ করার জন্য জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করে | কিভাবে দুর্নীতি নারীদের ওপর প্রভাব ফেলে তা অনুসরণ করার জন্য জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করলেও এ ধরনের তদারকি করে না | দুদক জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করে না | **জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ করে না** |

# ৪. প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা পরিকল্পনা ও বাস্তবায়ন | সার্বিক ও পরিষ্কার পরিকল্পনা যা বাস্তবায়িত হয় এবং অংশগ্রহণমূলক | প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রমের সার্বিক পরিকল্পনা রয়েছে কিন্তু পুরোপুরি বাস্তবায়িত হয় না | প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রমের কোনো সার্বিক পরিকল্পনা নেই | ▪ দুর্নীতি প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রমের সার্বিক পরিকল্পনার ঘাটতি |

# ৪. প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতির ঝুঁকি, প্রেক্ষাপট ও অবস্থার ওপর গবেষণা কার্যক্রম | ঝুঁকি পর্যালোচনা ও খাতভিত্তিক দুর্নীতি চিহ্নিত করার জন্য গবেষণার ব্যাপক ব্যবহার | ঝুঁকি পর্যালোচনা ও খাতভিত্তিক দুর্নীতি চিহ্নিত করার জন্য কিছু কিছু গবেষণা | কম সংখ্যক বা একেবারেই গবেষণার অনুপস্থিতি | ▪ দুদকের নিজস্ব কোনো স্বাধীন গবেষণা নেই |

# ৪. প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত তথ্য প্রচার ও প্রচারণা | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের ব্যাপক প্রচার ও প্রচারণা | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের সীমিত প্রচার ও প্রচারণা | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্যের প্রচার বা প্রচারণা নেই | ▪ দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত তথ্যের সীমিত প্রচার ও প্রচারণা<br>▪ প্রধান প্রচারণার মাধ্যম হিসেবে দুপ্রক, শুদ্ধাচার ইউনিট ও গণশুনানির ওপর নির্ভরতা |

# ৪. প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা কার্যক্রম: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক ব্যবহার | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের সীমিত ব্যবহার | দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে কোনো ওয়েবসাইট নেই ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ওপর নির্ভর করে না | ▪ দুদকের ওয়েবসাইট রয়েছে কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার শুরু হয় নি |

# ৫. অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়** | দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে উচ্চ পর্যায়ের সমন্বয় | দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে সীমিত সমন্বয় | দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে দ্বন্দ্ব এবং/ বা সহযোগিতার ঘাটতি | ▪ **দুদক ও দেশের অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় যথেষ্ট নয় - কখনো কখনো যথাযথ ও প্রয়োজনীয় তথ্য পাওয়া কঠিন হয়** |

# ৫. অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা | দুদক ও অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের মধ্যে যৌথ প্রকল্প ও কারিগরি সহায়তাসহ উচ্চ পর্যায়ের সহযোগিতা | দুদক ও অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের মধ্যে কোনো কোনো ক্ষেত্রে সীমিত সহযোগিতা | দুদক ও অন্যান্য দেশের দুর্নীতি-বিরোধী প্রতিষ্ঠানের মধ্যে কোনো সহযোগিতা নেই | ▪ দুদক ও অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের মধ্যে কোনো আনুষ্ঠানিক সহযোগিতা নেই |

# ৬. জবাবদিহিতা ও তদারকি: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| স্বাধীন তদারকি ব্যবস্থা | সংসদ সদস্য, সিনিয়র সরকারি কর্মকর্তা ও প্রখ্যাত নাগরিকদের সক্রিয় অংশগ্রহণে গঠিত তদারকি কমিটি | সংসদ সদস্য এবং/অথবা সিনিয়র সরকারি কর্মকর্তাদের নিয়ে গঠিত তদারকি কমিটি | কোনো তদারকি কমিটি ছাড়াই নির্বাহী বিভাগের কাছে দায়বদ্ধ | ▪ রাষ্ট্রপতির কাছে দায়বদ্ধ; দুদকের কার্যক্রম তদারকির জন্য কোনো তদারক কমিটি নেই |

# ৬. জবাবদিহিতা ও তদারকি: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে পর্যালোচনা প্রক্রিয়া | স্বার্থের দ্বন্দ্ব এড়ানোর জন্য দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত অন্য সরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে সম্পন্ন হয়; তদন্তের ফলাফল ও শাস্তির তথ্য প্রকাশ করা হয় | দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত দুদকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ দ্বারা সম্পন্ন হয়, কিন্তু তদন্তের ফলাফল ও শাস্তির তথ্য প্রকাশ করা হয় না | দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের গুরুত্ব দেওয়া হয় না বা কোনো ব্যাখ্যা ছাড়াই তদন্ত করা হয় না | ▪ দুদকের কর্মীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তদন্ত এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের দ্বারা সম্পন্ন হয়<br>▪ তদন্ত ও শাস্তির তথ্য বার্ষিক প্রতিবেদনে ও ওয়েবসাইটে প্রকাশিত হয় |

# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি দমনে সরকার দুদককে যথেষ্ট পরিমাণ প্রয়োজনীয় ক্ষমতা, সম্পদ ও কর্তৃত্ব দিয়েছে সে বিষয়ে জনগণের আস্থা | জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা | জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা | জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা | ▪ দুর্নীতি দমনে দুদকের ক্ষমতা ও সম্পদের ওপর জনগণের ধারণা মধ্যম<br>▪ একটি জরিপে দেখা যায় ৮২.৯% উত্তরদাতা দুদক বা এর কার্যক্রম সম্পর্কে জানে না (গ্লোবাল করাপশন ব্যারোমিটার ২০১৫, অপ্রকাশিত) |

# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি দমনে দুদকের নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে ক্ষমতার ব্যবহারের ওপর জনগণের আস্থা | জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা | জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা | জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা | ▪ দুর্নীতি দমনে নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে দুদকের ক্ষমতার ব্যবহার নিয়ে জনগণের ধারণা মধ্যম<br>▪ একটি জরিপে দেখা যায় ৮২.৯% উত্তরদাতা দুদক বা এর কার্যক্রম সম্পর্কে জানে না (গ্লোবাল করাপশন ব্যারোমিটার ২০১৫, অপ্রকাশিত) |

# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি দমনে নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের আস্থা | জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা | জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা | জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা | ▪ দুর্নীতি দমনে নির্ধারিত প্রক্রিয়া মেনে চলা, নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে দুদকের ক্ষমতার ব্যবহার নিয়ে ধারণা মধ্যম |

# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| **যাদের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত চলছে এমন ব্যক্তিদের সাথে দুদকের সম্মানজনক ও শ্রদ্ধাশীল ব্যবহারের ক্ষেত্রে আস্থা** | দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত উচ্চ আস্থা | দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত মধ্যম আস্থা | দুদকের সিনিয়র কর্মী, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ, সাংবাদিক এবং তদন্তাধীন ব্যক্তির মতামত থেকে প্রাপ্ত নিম্ন আস্থা | ▪ **যে ব্যক্তির বিরুদ্ধে দুর্নীতির তদন্ত চলছে তার সামাজিক ও অর্থনৈতিক মর্যাদার ওপর দুদকের ব্যবহার নির্ভর করে** |

# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতার ওপর জনগণের ধারণা | জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ পর্যায়ের কার্যকরতা | জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম পর্যায়ের কার্যকরতা | জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং নাগরিক সমাজের নেতৃবৃন্দ, দুর্নীতিবিরোধী বিশেষজ্ঞ ও সাংবাদিকদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন পর্যায়ের কার্যকরতা | ▪ দুর্নীতি প্রতিরোধে দুদকের কার্যকরতা নিয়ে সাধারণ মানুষের ধারণা ভাল নয়; মাত্র ৯.১%-এর মতে দুদক দেশে দুর্নীতি প্রতিরোধে ভালো কাজ করছে (করাপশন ব্যারোমিটার, ২০১৫); ৪৯%-এর মতে দুর্নীতি প্রতিরোধে সরকার সমর্থ নয় (আইআরআই, ২০১৬) |


# ৭. দুদকের কার্যক্রম সম্পর্কে জনগণের ধারণা: মধ্যম ও নিম্ন স্কোরপ্রাপ্ত নির্দেশক

| নির্দেশক | স্কোরের শর্ত | | | স্কোরের ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| | উচ্চ | মধ্যম | নিম্ন | |
| দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতার সম্পর্কে দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের ধারণা | জরিপের ফলাফল (৭৫%-এর ওপরে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত উচ্চ পর্যায়ের কার্যকরতা | জরিপের ফলাফল (৫০%-৭৫%) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত মধ্যম পর্যায়ের কার্যকরতা | জরিপের ফলাফল (৫০%-এর নিচে) এবং নাগরিক সমাজ, বিশেষজ্ঞ, সাংবাদিক ও দুদকের সাথে যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতামত থেকে প্রাপ্ত নিম্ন পর্যায়ের কার্যকরতা | ▪ দুর্নীতি নিয়ন্ত্রণে দুদকের কার্যকরতা সম্পর্কে দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের মতে দুদক কার্যকর নয়<br>▪ দুর্নীতির জন্য শাস্তির হার খুব কম<br>▪ বিভিন্ন সেবা খাতে (যেমন স্বাস্থ্য, ভূমি) এখনো দুর্নীতিবাজ ব্যক্তিরা রয়েছে |


# গবেষণার ফলাফল: সার্বিক স্কোর

- বাংলাদেশ দুদকের সার্বিক স্কোর = ৬১.২২% - 'মধ্যম' শ্রেণিভুক্ত, যা 'উচ্চ' শ্রেণি থেকে ৫.৭৮% স্কোর কম
- ৫০টি নির্দেশকের মধ্যে 'উচ্চ' স্কোর পেয়েছে ২১টি নির্দেশক (৪২.৮৬%); ১৯টি (৩৮.৭৮%) নির্দেশক 'মধ্যম', এবং নয়টি (১৮.৩৭%) 'নিম্ন' স্কোর
- সবচেয়ে বেশি স্কোর - দুদকের আইনি স্বাধীনতা ও মর্যাদা (৭৮.৫৭%); দ্বিতীয় সর্বোচ্চ স্কোর দুদকের প্রতিরোধ, শিক্ষা ও আউটরিচ কার্যক্রম (৭২.২২%)
- সবচেয়ে কম স্কোর দুদকের কার্যক্রম নিয়ে জনগণের ধারণা (২৮.৫৭%)

# গবেষণার ফলাফল: ক্ষেত্র অনুযায়ী দুদকের স্কোর




# গবেষণার ফলাফল: সার্বিক ও ক্ষেত্র অনুযায়ী স্কোর




# গবেষণার ফলাফল: একনজরে নির্দেশকগুলোর স্কোর

| ক্ষেত্র | নির্দেশক | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইনি স্বাধীনতা ও অবস্থান (৭) | আইনি স্বাধীনতা | কাজের আওতা | আইনি ক্ষমতা | কমিশনারদের নিয়োগ | কমিশনারদের মেয়াদ ও অপসারণ | কর্ম সম্পাদনের স্বাধীনতা ও নিরপেক্ষতা | সরকারের দ্বারা দুদকের ক্ষমতার রাজনৈতিক ব্যবহার | | |
| অর্থ ও মানবসম্পদ (৯) | জাতীয় বাজেটের সাপেক্ষে দুদকের বাজেট (হার) | দুদকের বাজেট (প্রতুলতা) | দুদকের বাজেট (নিশ্চয়তা, স্থিতিশীলতা) | কর্মীদের বেতন ও সুযোগ-সুবিধা | কর্মী বাছাইয়ের শর্ত | কর্মীদের দক্ষতা (তদন্ত ও অনুসন্ধান) | কর্মীদের দক্ষতা (প্রতিরোধ, প্রচারণা) | কর্মীদের প্রশিক্ষণ | কর্মীদের স্থিতিশীলতা |
| অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম (৯) | দুদকে প্রবেশ্যতা (দুর্নীতির অভিযোগকারী/ তথ্যদাতা) | অভিযোগের প্রেক্ষিতে সাড়া দেওয়া | তদন্ত করার সদিচ্ছা | মামলার সংখ্যা (গড় ) | দক্ষতা, পেশাদারত্ব (তদন্ত ও অনুসন্ধান) | দণ্ডাদেশের হার | প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে তদন্ত করার সদিচ্ছা | সম্পদ আটক ও পুনরুদ্ধার | জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ ও সংরক্ষণ |
| প্রতিরোধ ও আউটরিচ কার্যক্রম (৯) | প্রতিরোধের জন্য বাজেট বরাদ্দের হার | দুর্নীতি প্রতিরোধের উদ্যোগ | সরকারি প্রতিষ্ঠান পর্যালোচনা | তদন্ত প্রতিবেদনে প্রতিরোধমূলক সুপারিশ | আউটরিচ ও শিক্ষা পরিকল্পনার বাস্তবায়ন | আউটরিচ কার্যক্রমে অংশীজনের অংশগ্রহণ | গবেষণা ও তথ্যানুসন্ধান | তথ্য প্রচার ও প্রচারণা | ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার |
| অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা (৫) | মামলা পরিচালনায় সরকারের সহায়তা | অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের সাথে সমন্বয় | নাগরিক সমাজ ও ব্যক্তি-মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা | আন্তর্জাতিক নেটওয়ার্কে অংশগ্রহণ | অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা | | | | |
| জবাবদিহিতা ও তদারকি (৪) | বিস্তারিত তথ্যসমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট | তদারকি ব্যবস্থা | অভ্যন্তরীণ অভিযোগ ও পর্যালোচনা প্রক্রিয়া | দুদক/ কর্মীর বিরুদ্ধে অভিযোগের ফলাফল | | | | | |
| দুদকের কার্যক্রম সম্পর্কে জনমত (৭) | দুদকের কর্তৃত্ব সম্পর্কে জনগণের আস্থা | দুদকের আইনি প্রক্রিয়া অনুসরণ সম্পর্কে জনগণের আস্থা | দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের আস্থা | দুদকের সম্মানজনক আচরণ সম্পর্কে তদন্তাধীন ব্যক্তিদের আস্থা | দুর্নীতি নিয়ন্ত্রণ ও প্রতিরোধে দুদকের কার্যকরতা সম্পর্কে জনগণের ধারণা | দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা (দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তি) | অভিযোগ নিরসনে দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা (সরাসরি যোগাযোগ হয়েছে এমন নারী) | | |

# গবেষণার ফলাফল: নির্দেশকগুলোর স্কোর



# নির্দেশকের শ্রেণীবিভাজন:
# সহায়ক প্রভাবক ও কর্ম সম্পাদনে দক্ষতার নির্দেশক




- সহায়ক প্রভাবকের ক্ষেত্রে স্কোর 'উচ্চ' পর্যায়ের খুবই কাছাকাছি (৬৫%) - উচ্চ পর্যায় থেকে ২ পয়েন্ট কম
- কর্ম সম্পাদনে দক্ষতার ক্ষেত্রে স্কোর (৫৯%) 'উচ্চ' পর্যায় থেকে ৮ পয়েন্ট কম

# সার্বিক পর্যবেক্ষণ

## ইতিবাচক দিক

- আইনি স্বাধীনতা ও মর্যাদা - আইনি ক্ষমতা, কাজের আওতা
- বাজেটের নিশ্চয়তা - প্রতিবছর ধারাবাহিক বৃদ্ধি
- কর্মীদের স্থিতিশীলতা - চাকরি ত্যাগের নিম্ন হার
- অভিযোগের ভিত্তিতে তদন্তের সদিচ্ছা - অভিযোগের প্রেক্ষিতে সাড়া দেওয়া, প্রভাবশালীদের বিরুদ্ধে তদন্তের সদিচ্ছা ও সক্ষমতা, মামলার উচ্চ সংখ্যা
- দুর্নীতি প্রতিরোধের উদ্যোগ - প্রাতিষ্ঠানিক পর্যালোচনা, প্রতিরোধ কার্যক্রমে অংশীজনদের যুক্ত করা
- অন্যান্য অংশীজনের সাথে যৌথ উদ্যোগ - নাগরিক সমাজ, উন্নয়ন সহযোগী
- আন্তর্জাতিক নেটওয়ার্কে অংশগ্রহণ

# সার্বিক পর্যবেক্ষণ (চলমান)

## দুর্বলতা

- অপ্রতুল বাজেট - উন্নয়ন, তদন্ত, মামলায় আইনজীবী নিয়োগ; প্রতিরোধ কার্যক্রমে উন্নয়ন সহযোগীদের ওপর নির্ভরশীলতা
- অভিযোগ দায়েরের ক্ষেত্রে প্রবেশ্যতা সহজ নয়
- তদন্ত ও প্রতিরোধ কার্যক্রমে অপ্রতুল/ সীমিত দক্ষতা ও পেশাদারত্ব
- দুর্নীতির মামলায় শাস্তির নিম্ন হার
- স্বাধীন তদারকি ব্যবস্থার অনুপস্থিতি
- অন্যান্য সরকারি সংস্থার সাথে সমন্বয়ের ঘাটতি
- দুদকের কার্যকরতা নিয়ে জনগণের নেতিবাচক ধারণা ও আস্থার ঘাটতি

# সার্বিক পর্যবেক্ষণ (চলমান)

## চ্যালেঞ্জ

- জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করা
- ইতিবাচক দিকগুলো নিশ্চিত রাখা
- দুর্বলতাগুলো কাটিয়ে ওঠা

# সুপারিশ

## অর্থ ও মানবসম্পদ

১. **নিচের খাতগুলোতে দুদকের বাজেট বৃদ্ধি:**

(ক) অনুসন্ধান ও তদন্তের জন্য লজিস্টিক (যেমন যানবাহন, সরঞ্জাম, জব্দকৃত সম্পদ সংরক্ষণের ব্যবস্থা)

(খ) দুর্নীতি প্রতিরোধ কার্যক্রম (যেমন গণ শুনানি, গবেষণা)

(গ) উচ্চ মানের দক্ষতা ও সক্ষমতাসম্পন্ন আইনজীবী নিয়োগ

(ঘ) দুদকের কর্মীদের প্রশিক্ষণ

২. **দুদকের সাংগঠনিক কাঠামো এবং জনবল বৃদ্ধি:** দেশের ৬৪টি জেলাতেই প্রয়োজনীয় জনবল ও লজিস্টিক সুবিধাসহ দুদকের কার্যালয় থাকতে হবে। অনুসন্ধান, তদন্ত ও প্রতিরোধ কার্যক্রমে নিয়োজিত কর্মীর সংখ্যা বাড়াতে হবে

৩. **কমিশনারদের নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা বৃদ্ধি:** দুদকের চেয়ারম্যান ও কমিশনারদের নিয়োগ প্রক্রিয়া আরও স্বচ্ছ করতে হবে। নিয়োগের পূর্বে বাছাইকৃত প্রার্থীদের নাম ও যোগ্যতা সংক্রান্ত তথ্য প্রকাশ করতে হবে। এই নিয়োগ প্রক্রিয়ায় বিরোধী দল ও নাগরিক সমাজের অংশগ্রহণ বিবেচনা করতে হবে

# সুপারিশ (চলমান)

## অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম

৪. **অভিযোগ দাখিল ব্যবস্থায় তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি:** দুর্নীতির অভিযোগ গ্রহণ প্রক্রিয়া, তদন্ত ও মামলা ব্যবস্থাপনা প্রক্রিয়া আধুনিক তথ্য-প্রযুক্তির মাধ্যমে সম্পাদন করার ব্যবস্থা করতে হবে। এই প্রক্রিয়া সহজ, ব্যবহারবান্ধব ও পরিচয় প্রকাশের অধিকারকে নিশ্চিত করে এমন হতে হবে। তথ্য প্রকাশকারীর সুরক্ষা প্রদানের জন্য দুদককে যথাযথ কাঠমো তৈরি করতে হবে

৫. **দুর্নীতির মামলায় শাস্তির হার বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ:** দুর্নীতির মামলায় দোষীদের সাজাপ্রাপ্তির হার বৃদ্ধির করার জন্য দুদককে নানাবিধ ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেমন তদন্ত ও মামলা পরিচালনার ক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করা, মামলা দায়েরের পূর্বে প্রয়োজনবোধে আইনজীবীদের সাথে পরামর্শ করা, প্যানেলভুক্ত আইনজীবীদের সাথে নিয়মিতভাবে যোগাযোগ রক্ষা ও তদারকি করা

৬. **সম্পদ পুনরুদ্ধারের জন্য পদক্ষেপ গ্রহণ:** দুদককে দুর্নীতির মামলাগুলো থেকে সম্পদ পুনরুদ্ধার, জব্দ ও বাজেয়াপ্ত করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে

# সুপারিশ (চলমান)

## প্রতিরোধ, শিক্ষা ও আউটরিচ কার্যক্রম

৭. **দীর্ঘমেয়াদী সমন্বিত কৌশলগত পরিকল্পনা:** দুদককে তার শিক্ষা ও আউটরিচ কার্যক্রমের মাধ্যমে দুর্নীতি প্রতিরোধের জন্য দীর্ঘমেয়াদী সমন্বিত কৌশলগত পরিকল্পনা তৈরি করতে হবে। এছাড়া দুদককে তার কার্যক্রম মূল্যায়নের ব্যবস্থা তৈরি করতে হবে

৮. **উন্নত ওয়েবসাইট:**

- ব্যবহারকারীর সাথে পারস্পরিক যোগাযোগ
- সামাজিক যোগাযোগ মাধ্যম্যের প্রবর্তন
- দুর্নীতির ওপর লেখা ও গবেষণা প্রবন্ধের সংগ্রহসহ ব্যবহারবান্ধব ওয়েবসাইট
- নিয়মিতভাবে হালনাগাদকৃত তথ্য; দুদকের বাজেট, কর্ম-পরিকল্পনা, তদন্ত ও মামলার পরিসংখ্যান, গণশুনানি ও অন্যান্য কার্যক্রমের তথ্য
- দুর্নীতি দমন সংক্রান্ত আইন ও বিধি

# সুপারিশ (চলমান)

## অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা

৯. **অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা বৃদ্ধিঃ** দুদককে অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা ও যোগাযোগ বৃদ্ধি করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, বিশেষকরে এর নিজের কর্মীর বিরুদ্ধে তদন্ত করার ক্ষেত্রে যেখানে 'স্বার্থের দ্বন্দ্বের' আশংকা রয়েছে

## জবাবদিহিতা ও তদারকি

১০. **স্বাধীন তদারকি ব্যবস্থাঃ** দুদকের কাজের মূল্যায়ন, তদারকি ও পরামর্শ প্রদানের জন্য উচ্চ মাত্রার সততা, বিশ্বাসযোগ্যতা ও গ্রহণযোগ্যতাসম্পন্ন জনপ্রতিনিধি, সাবেক সরকারি কর্মকর্তা এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের সমন্বয়ে একটি স্বাধীন তদারকি কমিটি গঠন করতে হবে

# সুপারিশ (চলমান)


## দুদকের কার্যকরতা সম্পর্কে জনগণের ধারণা

### ১১. জনগণের আস্থা বৃদ্ধি:

- দুদকের কার্যক্রম সম্পর্কে আরও প্রচারণার ব্যবস্থা করতে হবে যাতে সাধারণ জনগণ দুদকের সাফল্য সম্পর্কে জানতে ও সচেতন হতে পারে
- দুদকের কমিশনার ও উর্ধ্বতন কর্মকর্তাদের আয়, সম্পদ ও দায়ের বিবরণ প্রকাশ করতে হবে এবং নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে;
- দুর্নীতিগ্রস্ত জনপ্রতিনিধি, উচ্চ পর্যায়ের সরকারি কর্মকর্তা ও সমাজের অন্যান্য পেশাজীবীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- দুর্নীতির মামলার কার্যকর ও সময় অনুযায়ী তদন্ত ও দ্রুত নিষ্পত্তি করতে হবে

# ধন্যবাদ

# ২০১২-১৩ থেকে ২০১৫-১৬ অর্থবছরে দুদকের বরাদ্দ (কোটি টাকা)



# সহায়ক প্রভাবক (১৭টি নির্দেশক)

১. আইনি স্বাধীনতা
২. কাজের আওতা
৩. আইনি ক্ষমতা
৪. কমিশনারদের নিয়োগ
৫. কমিশনারদের মেয়াদ ও অপসারণ
৬. কর্ম সম্পাদনের স্বাধীনতা ও নিরপেক্ষতা
৭. সরকারের দ্বারা দুদকের ক্ষমতার রাজনৈতিক ব্যবহার
৮. জাতীয় বাজেটের সাপেক্ষে দুদকের বাজেট (হার)
৯. দুদকের বাজেট (প্রতুলতা)
১০. দুদকের বাজেট (নিশ্চয়তা, স্থিতিশীলতা)
১১. কর্মীদের বেতন ও সুযোগ-সুবিধা
১২. কর্মী বাছাইয়ের শর্ত
১৩. দণ্ডাদেশের হার
১৪. দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমের জন্য বাজেট বরাদ্দের হার
১৫. মামলা পরিচালনায় সরকারের সহায়তা (যেমন অ্যাটর্নি জেনারেলের কার্যালয়)
১৬. স্বাধীন তদারকি ব্যবস্থা
১৭. দুর্নীতি দমনে সরকার দুদককে যথেষ্ট পরিমাণ প্রয়োজনীয় ক্ষমতা, সম্পদ ও কর্তৃত্ব দিয়েছে সে বিষয়ে জনগণের আস্থা

# কর্ম সম্পাদনে দক্ষতার (৩৩টি নির্দেশক)

১. দুর্নীতির তদন্ত ও অনুসন্ধানে দুদক কর্মীদের দক্ষতা
২. দুর্নীতি প্রতিরোধ ও শিক্ষায় কার্যক্রমে কর্মীদের দক্ষতা
৩. দুদক কর্মীদের প্রশিক্ষণ
৪. কর্মীদের স্থিতিশীলতা
৫. দুর্নীতির অভিযোগকারী/ তথ্যদাতার পক্ষ থেকে অভিযোগ জানানোর ক্ষেত্রে দুদকে প্রবেশ্যতা
৬. দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে দুদকের সাড়া দেওয়া
৭. দুর্নীতির তদন্ত করার সদিচ্ছা
৮. মামলার সংখ্যা (গড়)
৯. দুর্নীতির তদন্তে দক্ষতা ও পেশাদারত্ব
১০. প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে তদন্ত করার সদিচ্ছা
১১. সম্পদ আটক ও পুনরুদ্ধারে দুদকের ভূমিকা
১২. জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ ও সংরক্ষণ
১৩. দুর্নীতি প্রতিরোধমূলক উদ্যোগ
১৪. সরকারি প্রতিষ্ঠান, ব্যবস্থা ও সক্ষমতা পর্যালোচনা
১৫. তদন্ত প্রতিবেদনে প্রতিরোধমূলক সুপারিশ
১৬. প্রতিরোধ, আউটরিচ ও শিক্ষা পরিকল্পনা ও বাস্তবায়ন

# কর্ম সম্পাদনে দক্ষতার নির্দেশক (চলমান)

১৭. প্রতিরোধ, শিক্ষা ও আউটরিচ কার্যক্রমে অংশীজনের সাথে সহযোগিতা
১৮. দুদকের গবেষণা ও তথ্যানুসন্ধান কার্যক্রম
১৯. দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচার ও প্রচারণা
২০. দুর্নীতি প্রতিরোধমূলক তথ্য প্রচারে ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার
২১. অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা
২২. নাগরিক সমাজ ও ব্যক্তি-মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা
২৩. আন্তর্জাতিক নেটওয়ার্কে অংশগ্রহণ
২৪. অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা
২৫. বিস্তারিত তথ্যসমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
২৬. দুদক কর্মীর বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে অভ্যন্তরীণ পর্যালোচনা প্রক্রিয়া
২৭. দুদক/ কর্মীর বিরুদ্ধে অভিযোগের ফলাফল
২৮. দুদকের আইনি প্রক্রিয়া অনুসরণ সম্পর্কে জনগণের আস্থা
২৯. দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের আস্থা
৩০. দুদকের সম্মানজনক আচরণ সম্পর্কে তদন্তাধীন ব্যক্তিদের আস্থা
৩১. দুর্নীতি নিয়ন্ত্রণ ও প্রতিরোধে দুদকের কার্যকরতা সম্পর্কে জনগণের ধারণা
৩২. দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তির দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা
৩৩. সরাসরি যোগাযোগ হয়েছে এমন নারীর অভিযোগ নিরসনে দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা

# একনজরে ক্ষেত্র ও নির্দেশক

| ক্ষেত্র | নির্দেশক | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইনি স্বাধীনতা ও অবস্থান (৭) | আইনি স্বাধীনতা | কাজের আওতা | আইনি ক্ষমতা | কমিশনারদের নিয়োগ | কমিশনারদের মেয়াদ ও অপসারণ | কর্ম সম্পাদনের স্বাধীনতা ও নিরপেক্ষতা | সরকারের দ্বারা দুদকের ক্ষমতার রাজনৈতিক ব্যবহার | | |
| অর্থ ও মানবসম্পদ (৯) | জাতীয় বাজেটের সাপেক্ষে দুদকের বাজেট (হার) | দুদকের বাজেট (প্রতুলতা) | দুদকের বাজেট (নিশ্চয়তা, স্থিতিশীলতা) | কর্মীদের বেতন ও সুযোগ-সুবিধা | কর্মী বাছাইয়ের শর্ত | কর্মীদের দক্ষতা (তদন্ত ও অনুসন্ধান) | কর্মীদের দক্ষতা (প্রতিরোধ, প্রচারণা) | কর্মীদের প্রশিক্ষণ | কর্মীদের স্থিতিশীলতা |
| অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম (৯) | দুদকে প্রবেশ্যতা (দুর্নীতির অভিযোগকারী/ তথ্যদাতা) | অভিযোগের প্রেক্ষিতে সাড়া দেওয়া | তদন্ত করার সদিচ্ছা | মামলার সংখ্যা (গড় ) | দক্ষতা, পেশাদারত্ব (তদন্ত ও অনুসন্ধান) | দণ্ডাদেশের হার | প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে তদন্ত করার সদিচ্ছা | সম্পদ আটক ও পুনরুদ্ধার | জেন্ডারভিত্তিক তথ্য সংগ্রহ ও সংরক্ষণ |
| প্রতিরোধ ও আউটরিচ কার্যক্রম (৯) | প্রতিরোধের জন্য বাজেট বরাদ্দের হার | দুর্নীতি প্রতিরোধের উদ্যোগ | সরকারি প্রতিষ্ঠান পর্যালোচনা | তদন্ত প্রতিবেদনে প্রতিরোধমূলক সুপারিশ | আউটরিচ ও শিক্ষা পরিকল্পনার বাস্তবায়ন | আউটরিচ কার্যক্রমে অংশীজনের অংশগ্রহণ | গবেষণা ও তথ্যানুসন্ধান | তথ্য প্রচার ও প্রচারণা | ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার |
| অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা (৫) | মামলা পরিচালনায় সরকারের সহায়তা | অন্যান্য শুদ্ধাচার প্রতিষ্ঠানের সাথে সমন্বয় | নাগরিক সমাজ ও ব্যক্তি-মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা | আন্তর্জাতিক নেটওয়ার্কে অংশগ্রহণ | অন্যান্য দেশের দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা | | | | |
| জবাবদিহিতা ও তদারকি (৪) | বিস্তারিত তথ্যসমৃদ্ধ বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট | তদারকি ব্যবস্থা | অভ্যন্তরীণ অভিযোগ ও পর্যালোচনা প্রক্রিয়া | দুদক/ কর্মীর বিরুদ্ধে অভিযোগের ফলাফল | | | | | |
| দুদকের কার্যক্রম সম্পর্কে জনমত (৭) | দুদকের কর্তৃত্ব সম্পর্কে জনগণের আস্থা | দুদকের আইনি প্রক্রিয়া অনুসরণ সম্পর্কে জনগণের আস্থা | দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তিদের আস্থা | দুদকের সম্মানজনক আচরণ সম্পর্কে তদন্তাধীন ব্যক্তিদের আস্থা | দুর্নীতি নিয়ন্ত্রণ ও প্রতিরোধে দুদকের কার্যকরতা সম্পর্কে জনগণের ধারণা | দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা (দুদকের সাথে সরাসরি যোগাযোগ হয়েছে এমন ব্যক্তি) | অভিযোগ নিরসনে দুদকের কার্যকরতা সম্পর্কে ধারণা (সরাসরি যোগাযোগ হয়েছে এমন নারী) | | |